বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার নেওয়ার প্রস্তাব দেওয়া হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, জুলাই জাতীয় সনদের প্রতি সম্মান রেখে বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার নির্বাচনের বিষয়ে মৌখিক প্রস্তাব দেওয়া হয়েছে। বিরোধী দল সম্মত হলে সংসদের প্রথম অধিবেশনেই শপথের ব্যবস্থা করা হবে।

সোমবার (২ মার্চ) সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, যারা সংসদ সদস্য হিসেবে শপথ নিয়েছেন, কেবল তারাই সংসদের কার্যক্রমে অংশ নেবেন। সংবিধানে ‘সংবিধান সংস্কার পরিষদ’ নামে কোনো কাঠামোর উল্লেখ নেই। এ ধরনের পরিষদে কেউ শপথ নিলে তা তাদের নিজস্ব সিদ্ধান্ত বলে মন্তব্য করেন তিনি। তবে রাজনৈতিক মত প্রকাশের অধিকার সবারই আছে বলেও উল্লেখ করেন।

তিনি আরও বলেন, প্রয়োজন হলে সংবিধান সংশোধনের মাধ্যমে নতুন কোনো কাঠামো যুক্ত করা যেতে পারে। কিন্তু সংবিধানে উল্লেখ নেই—এমন কোনো ব্যবস্থা আগে থেকে কার্যকর করা সম্ভব নয়।

রাষ্ট্রপতির ভাষণ প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী জানান, প্রথম অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণ দেওয়া সাংবিধানিক রীতি। কেউ তা না চাইলে মত প্রকাশের সুযোগ তাদের রয়েছে।

এছাড়া তিনি বলেন, সংবিধান অনুযায়ী জারি করা ১৩৩টি অধ্যাদেশ প্রথম অধিবেশনেই সংসদে উপস্থাপন করা হবে। সেগুলোর ভবিষ্যৎ কার্যকারিতা নিয়ে সিদ্ধান্ত হবে সংসদের আলোচনার মাধ্যমে।